গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয়: **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মোস্তফা কামাল
সচিব

সভার তারিখ : ২৮.০৮.২০২৩ খ্রিঃ

সভার সময় : সকাল ১২:৩০ ঘটিকা

স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে নৌপরিবহন মন্ত্রণালয়ে মন্ত্রিসভা বৈঠকে গৃহিত ৮(আট)টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে। যা সভার আলোচ্যসূচী হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ১৯.০৬.২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ১৯.০৬.২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | মসবৈ-১৪(০৮)/২০১৯; তারিখ: ২৬ আগস্ট ২০১৯<br>৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মোংলা বন্দরের "The Protection of Ports (Special measures) Act No. XVII of 1948" এর স্থলে "বন্দর সংরক্ষণ আইন, ২০১৯" এর খসড়া প্রণয়ন করে সকল প্রক্রিয়া অনুসরন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ হতে প্রমিতকরণ করে ০৭-০৮-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক মতামত প্রদান" সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগের সহিত নিবিড় যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ পূর্বক ইংরেজী ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে বাংলা ভাষায় প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>২. সকল শাখা /অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | মসবৈ-১৬(০৯)/২০১৯; তারিখ: ৯ সেপ্টেম্বর ২০১৯<br><br>'বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯'-এর খসড়ার নীতিগত অনুমোদন। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, "The Bangladesh Inland Water Transport Corporation Order-1972" (নীতিগত অনুমোদনের তারিখ ০৯ সেপ্টেম্বর ২০১৯) এর পরিবর্তে বাংলাভাষায় 'বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯'-এর খসড়ার মন্ত্রিসভা কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের পর আইনটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিংকৃত "বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০২০" মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয় যে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন /পরিমার্জন/ পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন।''বর্ণিত নির্দেশনা মতে নৌপরিবহন মন্ত্রণালয় হতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (সংশোধন) আইন, ২০২১ খসড়া প্রস্তুত করে আন্তঃ মন্ত্রণালয়ের সভার মাধ্যমে খসড়া চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়াটি প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির বিগত ৯ মার্চ, ২০২২ তারিখে ১ম সভা, ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ২য় সভা এবং ১৮ মে ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত মূলধন বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির নিকট ১৬.০৭.২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক এ বিষয়ে গত ১০-০৮-২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি। কার্যবিবরণী পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগের সহিত নিবিড় যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিসভা বৈঠকে নীতিগতভাবে অনুমোদিত আইনের খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি<br>২. উপসচিব, টিসি শাখা, নৌপম |
| ৪. | মসবৈ-১২(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩<br><br>৯.৩। ২০২৩ সালের ৬ ও ৭ নম্বর আইনের তফসিল হইতে সামরিক শাসনামলে জারীকৃত অধ্যাদেশসমূহ বিযুক্ত করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, ১) "The Inland Shipping Ordinance, 1976" বাতিল করে "বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২২" প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। গত ১৩-০৭-২০২১ খ্রি. তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়া আইনটি প্রেরণ করা হয়। উক্ত প্রণীত খসড়া নিয়ে পর্যায়ক্রমে মন্ত্রিপরিষদ্ বিভাগে মোট ০৪টি সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংশোধিত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া আইনটি মন্ত্রিসভা বৈঠকে | মন্ত্রিসভার সিদ্ধান্ত মোতাবেক নীতিগতভাবে অনুমোদিত আইন দুইটি দ্রুত চূড়ান্ত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর<br>২. উপসচিব, জাহাজ শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | সিনিয়র সচিব/সচিববৃন্দ কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন। | উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে ০৩-০৮-২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে।<br><br>২) নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক **The Bangladesh Merchant Shipping Ordinance, 1983** বাতিল করে "বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২২" প্রণয়ণের জন্য সকল প্রকার প্রক্রিয়া সম্পন্ন শেষে গত ২০-০৪-২০২২ খ্রি. তারিখ প্রণীত আইনের খসড়া মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হয়। গত ১২-০৯-২০২২ খ্রি. তারিখে ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত খসড়া ১৪-০৬-২০২৩ তারিখে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে প্রেরণ করা হলে ২১ জুন, ২০২৩ খ্রি. তারিখ ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক পরিমার্জিত খসড়াটি ১৪-০৮-২০২৩ তারিখে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।<br>সভাপতি নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগের সহিত নিবিড় যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৫. | মসবৈ-১২(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩<br><br>৮.৩। মন্ত্রিসভা-বৈঠকে ২০০৯-২০১৩ মেয়াদে অনুমোদিত ০২টি, ২০১৪-১৮ মেয়াদে অনুমোদিত ০৯টি এবং ২০১৯ সালের ০১ জানুয়ারি হইতে ২০২৩ সালের ৩০ জুন মেয়াদে অনুমোদিত ১৬টি, সর্বমোট ২৭টি দ্বিপাক্ষিক/আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষর/অনুসমর্থনের জন্য অপেক্ষমান রহিয়াছে। উক্ত চুক্তিসমূহ স্বাক্ষর/অনুসমর্থনের প্রক্রিয়া ত্বরান্বিত করিবার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসহ পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মন্ত্রি সভা বৈঠকের এ সিদ্ধান্তটির সাথে নৌপরিবহন মন্ত্রণালয়ের সাথে ১টি সিদ্ধান্ত জড়িত তা হলো BIMSTEC সদস্যভুক্ত দেশগুলোর মধ্যে সম্পাদনের লক্ষ্যে Agreement on Coastal Shipping এর খসড়া অনুমোদনের বিষয়টি চূড়ান্ত করণের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরন করে চূড়ান্তকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>সভাপতি বিষয়টি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। | মন্ত্রিসভার এ সিদ্ধান্তটি বাস্তবায়নে যথাযথ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br><br>২.সংশ্লিস্ট সকল কর্মকর্তা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | মসবৈ-১২(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩<br><br>৮.২। রুলস অব বিজনেস, ১৯৯৬, এর ২৬(২) উপ-বিধি অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ হইতে বিদেশে প্রেরিত সকল জাতীয় পর্যায়ের প্রতিনিধিদলের সফর সংক্রান্ত প্রতিবেদন সারসংক্ষেপসহ মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য দেশে প্রত্যাবর্তনের ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দ নিশ্চিত করবেন। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মন্ত্রি সভা বৈঠকের এ সিদ্ধান্তটি যথাযথভাবে অনুসরন করা হচ্ছে। সভাপতি কর্তৃক মন্ত্রিসভার এ সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br><br>২.সংশ্লিস্ট সকল কর্মকর্তা, নৌপম |
| ৭. | মসবৈ-১২(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩<br><br>৮.৫। 'মন্ত্রিসভা-বৈঠকে নীতিগতভাবে ও চূড়ান্তভাবে অনুমোদিত আইনের খসড়া জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে উপস্থাপনের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবগণ নিশ্চিত করিবেন। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, মন্ত্রি সভা বৈঠকের এ সিদ্ধান্তটি যথাযথভাবে অনুসরন করা হচ্ছে। সভাপতি কর্তৃক মন্ত্রিসভার এ সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>২.সংশ্লিষ্ট সকল কর্মকর্তা (নৌপম) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | মসবৈ-১৪(০৪)/২০১৫; তারিখ: ০৬ এপ্রিল ২০১৫<br><br>বিষয়-১১: 'The Ports (Amendment) Act, 2015'- এর খসড়ার নীতিগত অনুমোদন। | **The Ports (Amendment) Act, 2015" (বন্দর আইন ২০২৩) (নীতিগত অনুমোদনের তারিখ ০৬ এপ্রিল ২০১৫)** নীতিগত অনুমোদনের পর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করে গত ০৩-০৮-২০১৫ তারিখে "The Ports (Amendment) Act, 2015" জাতীয় সংসদে বিল আকারে প্রেরণ করা হলে জাতীয় সংসদের ১৭-১১-২০১৫ তারিখের বৈঠকে বিলটি ভোটের মাধ্যমে প্রত্যাহার করা হয়। অতপর "The Ports (Amendment) Act, 2015" আইনটিকে বাংলায় রূপান্তরিত করে **"বন্দর আইন, ২০২৩"** প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। যথাযথ প্রক্রিয়া অনুসরণ অন্তে ১৪-০৬-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি"র নিকট প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগের সহিত নিবিড় যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১.মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর<br>২. উপসচিব, জাহাজ শাখা |
| ৯ | মসবৈ-১০(০৫)/২০১৮; তারিখ: ০৭ মে ২০১৮<br><br>BIMSTEC সদস্যভুক্ত দেশগুলির মধ্যে সম্পাদনের লক্ষ্যে Agreement on Coastal Shipping-এর খসড়ার অনুমোদন। | মসবৈ-১০(০৫)/২০১৮; তারিখ: ০৭ মে ২০১৮<br><br>Agreement on Coastal Shipping সংক্রান্ত একটি চুক্তি গত ২০১৭ সালের নভেম্বর মাস থেকে BIMSTEC সচিবালয় কর্তৃক প্রক্রিয়াধীন রয়েছে। বর্ণিত চুক্তিটির text মে ২০১৮ সালে মন্ত্রিপরিষদ সভায় নীতিগত অনুমোদন করা হয় এবং বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে BIMSTEC সচিবালয়কেও অবহিত করা হয়। কিন্তু অপরাপর দেশসমূহ কর্তৃক চুক্তিটির Ratification প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় তা অদ্যাবধি কার্যকর হয়নি। এ প্রেক্ষাপটে গত ২৭-০৯-২০২১ তারিখে ভারতীয় পক্ষ হতে BIMSTEC সচিবালয়ের মাধ্যমে চুক্তিটির নাম পরিবর্তনসহ আরো কিছু সংশোধনী প্রস্তাব করা হয়। উল্লেখ্য, ভারত যোগাযোগ সংশ্লিষ্ট ক্ষেত্রে BIMSTEC সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Lead-country. ইতিমধ্যে মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত Agreement on Coastal Shipping কার্যকর করা/হওয়ার সম্ভাবনা নেই বলে প্রতীয়মান হয়। তবে তদস্থলে ভারতীয় পক্ষ কর্তৃক প্রস্তাবিত Agreement on Maritime Transport Cooperation শীর্ষক চুক্তিটির খসড়া text এর ব্যাপারে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মতামত গ্রহণপূর্বক এর প্রাথমিক খসড়া চূড়ান্ত করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে BIMSTEC সচিবালয়ে প্রেরণ করা হয়েছে। BIMSTEC সচিবালয় সদস্য রাষ্ট্রসমূহের প্রতিনিধিদের নিয়ে গত ৩০ আগস্ট ২০২২ তারিখে "BIMSTEC Working group to finalize the Draft Text of the Agreement of Maritime Transport cooperation" এর দ্বিতীয় সভা Virtual mode এ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বাংলাদেশ অংশগ্রহণ করেছে এবং এ সংক্রান্ত পূর্বে প্রেরণকৃত Text সমর্থনপূর্বক সভায় বক্তব্য উপস্থাপন করা হয়েছে। গত ২৯- | চুক্তিটি দ্রুত প্রণয়নের কার্যক্রম সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২. উপসচিব, টিএ শাখা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৩-২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় পত্রের মাধ্যমে ১৯তম BIMSTEC Ministerial Meeting এর Paragraph 82-এ দৃষ্টি প্রদান করত: বাংলাদেশ পক্ষের text চূড়ান্তকরণের অভ্যন্তরীণ প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে পুনরায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মতামত গ্রহণপূর্বক পূর্বে প্রেরিত text এর সাথে সমন্বয় করে textটি চূড়ান্ত করা হয়। চূড়ান্তকৃত textটির নাম পরিবর্তনসহ নতুন অনুচ্ছেদের সংযোজনের কারণে মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের পূর্বে পুনরায় ভেটিং এর জন্য গত ০৬-০৭-২০২৩ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগে প্রেরণ করা হয়।<br>সভাপতি কর্তৃক আইন ও বিচার বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রেখে অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:
তা: ৩১-০৮-২০২৩
মোঃ মোস্তফা কামাল
সচিব

**স্মারক নম্বর:** ১৮.০০.০০০০.০৩২.১৬.০০২.২০.৬৫

তারিখ ১৬ ভাদ্র ১৪৩০ ব: / ৩১ আগস্ট ২০২৩ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। ড. মনজুর আহমেদ চৌধুরী, চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
৪। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ
৫। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৬। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ
৭। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
৮। চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১০। অতিরিক্ত সচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। যুগ্মসচিব, (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, নৌপরিবহন মন্ত্রণালয়
১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩১/০৮/২০২৩
মোঃ কুতুব উল আলম
সিনিয়র সহকারী সচিব